

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৫.০২৭.০৮.২২.০২২.২০১৫(অংশ-১)- ৬৯৮


তারিখঃ ৩১/০৫/২০১৭

বিষয় : তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত দৈনিক পত্রিকায় প্রকাশিত খবরের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র : তথ্য অধিদপ্তর হতে প্রাপ্ত ১৭/০৩/২০১৭ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে তথ্য অধিদপ্তর হতে প্রাপ্ত পেপার ক্লিপিং এর ছায়ালিপি এসাথে প্রেরণ করা হলো। ফরিদপুর জেলার নগরকান্দা উপজেলা পরিষদে 'নগরকান্দায় কর্মকর্তা ছাড়াই চলছে অফিস' শীর্ষক সংবাদের বিষয়ে সরেজমিন তদন্তপূর্বক সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে

  
(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail : lgd.upazila2@gmail.com

জেলা প্রশাসক  
ফরিদপুর।

অনুলিপি :

১.প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

নাম :  
তারিখ :  
৯০২

দৈনিক ইত্তেফাক  
ঢাকা।

সংবাদ সম্পাদকীয় প্রবন্ধ চিঠিপত্র  
তথ্য অধিদপ্তর  
বাংলাদেশ সচিবালয়  
১৫ নং-৯ (ক্লিনিক ভবন)  
১ এর ও ৪র্থ তলা)  
ঢাকা।


স্থানীয় সরকার বিভাগ	
সচিবের দপ্তর	
<input checked="" type="checkbox"/> অতিরিক্ত সচিব <input checked="" type="checkbox"/> স্মরণীয় কর্মসূচী <input checked="" type="checkbox"/> স্মরণীয়	<input checked="" type="checkbox"/> প্রশাসন <input checked="" type="checkbox"/> জেলা <input checked="" type="checkbox"/> শ্রম উন্নয়ন <input checked="" type="checkbox"/> পল্লী <input checked="" type="checkbox"/> আইন
তারিখ: ২০/০৮/১৭	

ক্রমিক নং..... তারিখ ২০/০৮/১৭

প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো

মুগা-সচিব (প্রশাসন)  
 মুগা-সচিব (উপজেলা)  
 মুগা-সচিব (অডিট)  
 মুগা-সচিব (.....)  
 মুগা-সচিব (.....)  
 মুগা-সচিব (.....)  
 মুগা-সচিব (.....)

অতিরিক্ত সচিব (প্রঃ)  
স্থানীয় সরকার বিভাগ



ফরিদপুরের নগরকান্দায় গত বুধবার অফিস চলাকালীন সময়ে টেবিলে মাথা রেখে অব্যাহত ঘুমাচ্ছেন উপজেলা যুব উন্নয়ন দপ্তরের একজন অফিস সহকারী  
-ইত্তেফাক

# নগরকান্দায় কর্মকর্তা ছাড়াই চলেছে অফিস

■ নগরকান্দা (ফরিদপুর) সংবাদদাতা

ফরিদপুরের নগরকান্দা উপজেলা পরিষদের কার্যালয়গুলোতে কর্মকর্তাবিহীন অবস্থায় চলছে কার্যক্রম। গত বুধবার বেলা সাড়ে এগারো থেকে সাড়ে বারোটো পর্যন্ত উপজেলার বিভিন্ন দপ্তরে ঘুরে দেখা গেছে অধিকাংশ কার্যালয়ের কর্মকর্তা অফিসে উপস্থিত নেই। জানা যায়, এমনটিই অফিসের প্রতিদিনকার চিত্র। যার ফলে নাগরিক সেবা থেকে বঞ্চিত হচ্ছেন উপজেলাবাসী। সেবা নিতে এসে কর্মকর্তাকে না পেয়ে অনেকেই ফিরে যাচ্ছেন। এ প্রতিবেদক বুধবার উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসে গিয়ে কর্মকর্তার কক্ষে তালা ঝুলছে। অফিস সহকারী জানান, “স্যার ফরিদপুরে আছেন।” প্রকৌশলী কার্যালয়ে গিয়ে জানা যায়, তিনি ফিস্টে আছেন। যুব উন্নয়ন অফিসে গিয়ে দেখা যায় কর্মকর্তা অফিসে বাসে কাজ করছেন। পাশের কক্ষে তার সহকারী টেবিলে মাথা ঠেকিয়ে ঘুমাচ্ছেন।

পরিসংখ্যান অফিসে গিয়ে দেখা যায় দরজায় নীর্থদিনের ময়লা তালা ঝুলছে। মৎস অফিসে গিয়ে দেখা যায় কর্মকর্তার কক্ষের দরজা খোলা। সহকারীদের নিকট কর্মকর্তার বিষয়ে জানতে চাইলে তারা জানান ম্যাডাম ফরিদপুরে আছেন। সমবায় কার্যালয়ে গিয়ে দেখা যায় কক্ষে তালা ঝুলছে। এসময় উক্ত দপ্তরের কাউকে খুঁজে পাওয়া যায়নি। মহিলা অধিদপ্তরে গিয়ে একই চিত্র পাওয়া যায়। হিসাবরক্ষণ কার্যালয়ে গিয়ে কক্ষ তালাবদ্ধ দেখা গেছে। অফিস সহায়ক জানান, অতিরিক্ত দায়িত্বে

সালথা উপজেলায় অফিস করছেন। আনসার ভিডিপি কর্মকর্তার কার্যালয়ে গিয়ে কক্ষে তালাবদ্ধ অবস্থায় পাওয়া যায়। সহকারী মেটেলসেন্ট কার্যালয়ে গিয়ে কর্মকর্তাকে পাওয়া যায়নি, অফিস সহকারী বলেন, আমাদের স্যার বিয়ল কাপ্তি দে এখানে এক মাস হলো ভারপ্রাপ্ত হিসেবে দায়িত্ব পেয়েছে। একদিনও অফিসে আসেননি। আমি ফাইলপত্র নিয়ে ফরিদপুর গিয়ে স্বাক্ষর করাই। সমাজ সেবা কার্যালয়ে কক্ষে তালা ঝুলছে, সহকারীরা বলেন, গত সপ্তাহে সালথার স্যার এখানে অতিরিক্ত দায়িত্ব পেয়েছেন, এখনো অফিসে আসেননি। জনস্বাস্থ্য কার্যালয়ে গেলে একজন অফিস সহায়ক বলেন স্যার ফরিদপুরে আছেন মিটিং থাকলে অফিসে আসেন। এছাড়াও প্রায় অফিসেই কর্মকর্তার কক্ষে তালা ঝুলছে। নাম প্রকাশ না করার শর্তে মহিলা দপ্তরে কাজে আসা চরমোশরনী ইউনিয়নের এক মহিলা বলেন, একটি জরুরি কাজের জন্য অফিসে এসে তিনদিন যাবৎ ঘুরছি ম্যাডামকে পাচ্ছি না।

খোঁজ নিয়ে জানা গেছে, প্রত্যেক কর্মকর্তার জন্য উপজেলা পরিষদ কোয়ার্টারে সরকারি বাসা থাকলেও কর্মকর্তারা বাসা বরাদ্দ না নিয়ে ফরিদপুর থেকে এসে অফিস করেন। সে কারণে তিনি অফিসে না এলে কেউ সেবা নিতে আসলে অফিস সহায়করা সাফ জানিয়ে দেন স্যার ফরিদপুর জেলা অফিসে কাজে গেছেন। এব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা আবদুল আজিজ বলেন, প্রত্যেক কর্মকর্তাকে আমি জানিয়ে দিচ্ছি যেন উপস্থিতি বাধ্যতামূলক হয়।

উপজেলা-০২ শাখা  
তারিখ: ২০/০৮/১৭

ডায়েরী নং ৬৭৭ তারিখ ২০/০৮/১৭

প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হইল।  
উপজেলা-০২ শাখা।  
সহকারী সচিব/উপজেলা

মুগা-সচিব (উপজেলা)  
তারিখ: ২০/০৮/১৭